

RPO
স্বাক্ষর
মহাপরিচালক
২৭.১২.১৬

মনোত্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
website: www.dss.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০২০.২৩.০০৬.১৬. ৪৬৬ তারিখ : ১৬ পৌষ, ১৪২৩/২৬ ডিসেম্বর, ২০১৬

জাতীয় সমাজসেবা দিবস ও সমাজসেবা মেলা (০২-০৫ জানুয়ারি ২০১৭) উদযাপন উপলক্ষে


গণবিজ্ঞপ্তি

২ জানুয়ারি ২০১৭ জাতীয় সমাজসেবা দিবস। সমাজের উন্নয়ন কৌশলের প্রেক্ষিতে, দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ বিনির্মাণ এবং সমাজকর্মের প্রচার ও প্রসারের নিমিত্ত সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতর প্রতিবছরের ন্যায় এবারও কেন্দ্রীয়ভাবে ঢাকায় এবং জেলা/উপজেলা পর্যায়ে জাতীয় সমাজসেবা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের উদ্যোগ গ্রহণ করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় সমাজকল্যাণ প্রতিমন্ত্রী আগামী ২ জানুয়ারি ২০১৭ বেলা ৩-০০ ঘটিকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষে আয়োজিত জাতীয় সমাজসেবা দিবস ও চার দিন ব্যাপি সমাজসেবা মেলার শুভ উদ্বোধন ঘোষণা করবেন। এবার দিবসটির প্রতিপাদ্য - 'সমাজসেবার উদ্ভাবন, এবার সেবায় ডিজিটাইজেশন'।

সমাজসেবা দিবস উপলক্ষে পেশাজীবী ও স্বৈচ্ছাসেবী সমাজকর্মীদের অংশগ্রহণে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তন হতে আগারগাঁওস্থ সমাজসেবা ভবন পর্যন্ত বর্ণাঢ্য রোড-শো এবং সমাজসেবা ভবন (ই-৮/বি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা) চত্বরে স্বৈচ্ছায় রক্তদান কর্মসূচি, বিষয়ভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন প্রতিষ্ঠান/স্বৈচ্ছাসেবী সংস্থার কার্যক্রম প্রদর্শনীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সমাজকর্মীদের উৎসাহিত করার নিমিত্ত এ দিবসের গুরুত্ব অপরিসীম। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সকল সংস্থা/প্রতিষ্ঠান এবং নিবন্ধিত স্বৈচ্ছাসেবী সংস্থার কর্মকর্তা/কর্মচারী ও সর্বসাধারণের উপস্থিতিতে জাতীয় সমাজসেবা দিবসের চার দিন ব্যাপি অনুষ্ঠানমালা প্রাণবন্ত ও উৎসবমুখর হবে এটাই প্রত্যাশা।

সকলের উপস্থিতি আয়োজনকে সুন্দর ও সার্থক করবে।


গাজী মোহাম্মদ নূরুল কবির
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন : ৯১৩১৯৬৬
ফ্যাক্স : ৯১৩৮৩৭৫
ই-মেইল : dg@dss.gov.bd